

💵 মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-১০৫: তাবলীগ জামাত কী? তাদের মানহাজ কেমন? তাদের সাথে যুক্ত হওয়া, দাওয়াতী কাজে বের হওয়া কি জায়েয? যেমনটি তারা বলে যদি ছাত্রও হয় এবং এদেশবাসীদের মত সহীহ আকীদার অনুসারীও হয় তবুও তাকে তাবলীগে বের হতেই হবে।[1]

উত্তর : যে জামাতের সাথে যুক্ত হওয়া, যাদের সাথে চলাচল-উঠাবসা করা ওয়াজিব তা হলো আহলুস সুন্নাহ ওয়াল জামাত। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং ছাহাবীগণ এই জামাতের উপরই চলেছেন। আর যারা এই জামাতের বিরোধিতা করবে তাদেরকে পরিত্যাগ করা ওয়াজিব।

হ্যাঁ, আমাদের উপর ওয়াজিব হলো তাদেরকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুনাহর ভিত্তিতে আল্লাহর পথে আহবান করা।

তারা ভুল পথে রয়েছে এটি জানা সত্ত্বেও তাদের সাথে যুক্ত হওয়া, তাদের সাথে বের হওয়া, তাদের পদাঙ্ক অনুসরণ করা জায়েয নয়। কেননা তারা ইসলাম বিরোধী দল সমূহেরই ধারাবাহিক প্রকাশ।

[1]. "আমি বহুকাল পূর্ব থেকেই তাবলীগ সম্পর্কে জানি। এই বিদাতীরা আজকাল সর্বত্রই ছড়িয়ে পড়েছে তারা মিসর, আমেরিকা, সাউদী আরাব সব জায়গায় রয়েছে। তারা সবাইই শায়খ ইলিয়াসের সাথে যুক্ত (আব্দুর রাযযাক 'আফীফী, ফাতাওয়া ওয়া রাসাইল"

শায়খ আব্দুল মুহসিন আল আববাদ বলেন, তাবলীগ জামাতের নিকট অনেক মুনকার বা ইসলাম অসমর্থিত বিষয় রয়েছে। এ জামাতের প্রতিষ্ঠাতারা বিদাতী ও সুফীবাদী। তাদের 'আকীদাতে অনেক বিচ্যুতি রয়েছে। এই জামাত একটি বিদাতী জামাত। (আল-ফাতাওয়া আল মুহিম্মাহ ফী তাবছীরিল উম্মাহ)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13179

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন